গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

# নভেম্বর ২০২৩ খ্রিঃ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ১৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ

সময় ঃ সকাল ১০.৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভাপতি সভার শুরুতে উপজেলার আইন শৃংখলা কমিটির সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। তিনি উপজেলার বর্তমান আইন শৃংখলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

আলোচনার শুরুতে বিগত মাসে পীরগঞ্জ উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতির সার্বিক অবস্থা সম্পর্কে সকলকে অবহিত করার জন্য অফিসার ইনচার্জ পীরগঞ্জকে বলা হলে তিনি বিবেচ্য মাসের অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী তুলে ধরেন।

**১. উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি ঃ অক্টোবর ২০২৩**

| থানার নাম পীরগঞ্জ | চুরি | সড়ক দুর্ঘটনা | খুন | অপহরণ | নারী নির্যাতন | শিশু নির্যাতন | চোরাচালান | পুলিশ আক্রান্ত | মাদক দ্রব্য | অন্যান্য | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ধর্ষণ/অন্যান্যভাবে | | | | | | |
| সেপ্টেম্বর | - | - | - | ০১ | ০৪ | - | - | ০১ | ১৮ | ১১ | ৩৫ |
| অক্টোবর | - | - | - | ০১ | ০২ | - | - | - | ১৬ | ১৬ | ৩৫ |

**২. মোবাইল কোর্ট পরিচালনার তথ্য ঃ অক্টোবর ২০২৩**

| অভিযানের সংখ্যা | | | মামলার সংখ্যা | অভিযুক্ত ব্যক্তির সংখ্যা | সাজা (বিনাশ্রম কারাদন্ড) | জরিমানা (টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর | | ০৪ | ০৭ | ০৭ | ০২ জনকে ০৬ মাস করে বিনাশ্রম কারাদন্ড | ৮,২০০/- |
| অক্টোবর | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক | ০৪ | ০৫ | ০৫ | - | ১,৫৩,০০০/- |
| | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক | ০৭ | ২৮ | ২৮ | - | ৪১,৮০০/- |

**আলোচ্য সূচি-১ : পীরগঞ্জ উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা :**

সভায় পুলিশ বিভাগের পক্ষ হতে জানানো হয় যে, বর্তমানে এ উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভালো রয়েছে। চুরি-ছিনতাই, দস্যুতা, জুয়া খেলা মাদকসহ সকল প্রকার অপরাধ নিয়ন্ত্রণে সাধারণ জনগণসহ জনপ্রতিনিধিগণকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন রকম অপরাধের তথ্য দিয়ে পুলিশ প্রশাসনকে সহযোগিতা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-২ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে ইউনিয়ন ভিত্তিক আলোচনা :**

চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউ.পি. জানান, জুয়া ও ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে পল্লী বিদ্যুৎ সমিতির দৃষ্টি আর্কষণ করেন।

চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউ.পি. জানান, মাদক ব্যবসায়ীরা ধরা পড়ছে। তাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, ০৯ নং সেনগাঁও ইউ.পি. জানান, সীমান্ত এলাকায় গরু চুরি, মাদকের অপব্যবহার ও মানব পাচারের ঘটনা ঘটছে। সীমান্ত এলাকায় কিছু বাড়িতে জুয়া খেলা হচ্ছে। মানব পাচারসহ মাদক প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে বর্ডার গার্ড বাংলাদেশ বিওপিসহ পুলিশ বিভাগের সহযোগিতা কামনা করেন।

এছাড়াও অন্যান্য চেয়ারম্যান, পীরগঞ্জ উপজেলার ইউনিয়নসমূহের সার্বিক কার্যক্রম ও পরিস্থিতি ভালো রয়েছে মর্মে উল্লেখ করেন।

**আলোচ্য সূচি-৩ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে উন্মুক্ত আলোচনা :**

সাধারণ সম্পাদক, দুর্নীতি দমন কমিশন সভায় জানান, ট্রান্সফরমার চুরি রোধে পীরগঞ্জ উপজেলার ০৮ নং দৌলতপুরে একজন উদ্যোক্তা ডিভাইস তৈরী করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রশাসনসহ সংশ্লিস্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন।

তিনি আরও জানান, সীমান্ত এলাকায় কৃষি বিভাগের পক্ষ থেকে এমন কৃষকগণকে প্রণোদনা দিতে হবে যারা ভূট্টা ফসলের পরিবর্তে সরিষা ফসল আবাদ করবে।

পীরগঞ্জ সরকারি কলেজের প্রতিনিধি সভায় জানান, কলেজের ছাত্রাবাসের পুকুর পাড়ে ও পার্শ্ববর্তী ঈদগাহ মাঠে বহিরাগতরা মাদক সেবন করছে। ক্যাম্পাসে বিশৃংখলা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আইন শৃংখলা বিভাগের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

জয়িতা সদস্য সভায় জানান, বাল্যবিয়ে প্রতিরোধের বিষয়ে বিভিন্নভাবে সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। তিনি, এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আইন শৃংখলা বিভাগসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

সভাপতি, প্রেস ক্লাব সভায় জানান, ইদানীং আবার শহরে যানজটের প্রভাব বৃদ্ধি পেয়েছে। যানজট নিরসনে ফুটপাত দখল মুক্তকরণের বিষয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে মেয়র, পীরগঞ্জ পৌরসভার দৃষ্টি আকর্ষন করেন। প্রয়োজনে আবারও অভিযান চালানোর বিষয়ে অনুরোধ জানান এবং এসাথে শহরের দুই চৌরাস্তায় যেন ট্রাফিক পুলিশ নিয়মিতভাবে কার্যক্রম পরিচালনা করেন, সে বিষয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষন করেন।

তিনি আরও জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। আইন শৃংখলার অবনতি যেন না ঘটে। সেজন্য শহরে স্থাপিত সিসি ক্যামেরাগুলো রক্ষণাবেক্ষণ ও সচল করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**আলোচ্য সূচি-৪ : চোরাচালান নিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ক আলোচনা : ৪২ ব্যাটলিয়ান**

| ক্রঃ নং | বিওপি'র নাম | উদ্ধার | আসামী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ফকিরগঞ্জ | ৭০ বোতল ভারতীয় অফিসার্স চয়েজ মদ ও ১৫ বোতল ভারতীয় কসমস ফিফটি মদ | - | সর্বমোট মূল্য = ১,২৭,৫০০.০০ টাকা |
| ২ | চান্দেরহাট | ৪৯ বোতল ভারতীয় মদ, ৯৮ বোতল ভারতীয় ফেন্সিডিল ও ১৩ কেজি ইলিশ মাছ | - | সর্বমোট মূল্য = ১,৩৮,৭০০.০০ টাকা। |

ক) সীমান্ত সংলগ্নে যেন গরু, ছাগলসহ মানুষজন শূন্য রেখায় প্রবেশ না করে সেজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করেন।

খ) সীমান্ত এলাকায় ০৩ ফুটের অধিক ফসল না লাগানোর বিষয়ে কৃষকগণকে নিরৎসাহিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করেন।

গ) সীমান্তে চলাচলের কাঁচা রাস্তাগুলি মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য ৪০ দিনের কর্মসূচি থেকে মাটি ভরাটের জন্য অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-৫ : বাল্য বিবাহ প্রতিরোধ :**

সভায় আলোচনা করা হয় যে, বিভিন্ন জায়গায় হঠাৎ করে মাঝে মাঝে বাল্য বিয়ে হচ্ছে। প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে নিয়মিতভাবে ছক আকারে তথ্য প্রদান করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণ তৎপর হবেন। বাল্য বিয়ের কুফলগুলি সম্পর্কে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষকদের মাধ্যমে বেশি বেশি ক্যাম্পেইন করে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন যে, স্কুল পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রতিটি স্কুলের প্রধান শিক্ষকগণ বাল্য বিবাহ, মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে আলোচনা, সেমিনার/বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

তিনি আরও জানান, আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ "বেগম রোকেয়া দিবস" পালন উপলক্ষে "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রম বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও কর্তৃক র‌্যালি, আলোচনা সভা ও জয়িতা'দের সম্মাননা প্রদান করা হবে।

**আলোচ্য সূচি-৬ : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা সংক্রান্ত আলোচনা :**

সভায় আলোচনা হয় যে, যুব সমাজের মধ্যে মাদক ব্যবহারের হার বৃদ্ধি ও বিষয়টি উদ্বেগজনক। পারিবারিক নজরদারির পাশাপাশি তিনি এ বিষয়ে সকল শ্রেণির জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয়। স্কুল কলেজে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে আলোচনা, সেমিনার/বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। সীমান্তবর্তী ইউনিয়নের লোকজনকে অবৈধভাবে সীমান্ত অতিক্রম ও চোরচালান থেকে নিবৃত রাখতে নিয়মিত সভা সমাবেশ করার অনুরোধ জানান। প্রয়োজনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**আলোচ্য সূচি-৭: ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান :**

সভাপতি বলেন যে, সকল ইউনিয়নে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি ও ইউনিয়ন মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে সচিবগণের মাধ্যমে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। সভায় বিট পুলিশিং এর কার্যক্রম জোরদার করণের জন্য সভায় পুলিশিং বিভাগের প্রতি অনুরোধ জানানো হয়। ইউনিয়ন কমিটির সভায় বিজিবির কোম্পানী কমান্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

**গ্রাম আদালত সম্পর্কিত আলোচনা: সভায় গ্রাম আদালতসমূহের আগষ্ট ২০২৩ খ্রিঃ মাসের নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয় :**

| ক্র:নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ভোমরাদহ | ০৪ | ০৩ | ০৭ | ০৪ | ০৩ | অনিস্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে :** ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২ | কোষারাণীগঞ্জ | ৩৪ | ০২ | ৩৬ | - | ৩৬ | |
| ৩ | খনগাঁও | ০৩ | ০৪ | ০৭ | ০৪ | ০৩ | |
| ৪ | সৈয়দপুর | ০৯ | - | ০৯ | - | ০৯ | |
| ৫ | পীরগঞ্জ | ১২ | ০২ | ১৪ | ০৮ | ০৬ | |
| ৬ | হাজীপুর | ০৬ | ০৮ | ১৪ | ১১ | ০৩ | |
| ৭ | দৌলতপুর | ০২ | ০৫ | ০৭ | ০৫ | ০২ | |
| ৮ | সেনগাঁও | ০৪ | ০৫ | ০৯ | ০৪ | ০৫ | |
| ৯ | জাবরহাট | ০৪ | ০৩ | ০৭ | ০১ | ০৬ | |
| ১০ | বৈরচুনা | ২০ | ১১ | ৩১ | ০৮ | ২৩ | |
| মোট | | **৯৮** | **৪৩** | **১৪১** | **৪৫** | **৯৬** | |

প্রতিনিধি, ইএসডিও সভায় জানান, মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষে প্রতি সপ্তাহে ০১ দিন করে স্থানীয় সরকার বিভাগের গ্রাম আদালত বিষয়ে বিভিন্ন রকম সহযোগিতা প্রদান করা হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা ও বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ সভায় জানান, আইন শৃংখলার পরিস্থিতি সন্তোষজনক। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। আইন শৃংখলার অবনতি যেন না ঘটে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। প্রয়োজনে যে কোন অপ্রীতিকর পরিস্থিতি সকলে মিলে একই সাথে মোকাবেলার প্রত্যয় ব্যক্ত করেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, সভায় জানান, জমি দখল, মুক্তিপন আদায়, মাদক, জুয়া, বিভিন্ন রকম চুরি, চাঁদাবাজি, মানব পাচার ইত্যাদির মাধ্যমে সৃষ্ট অপরাধ সংঘটিত ঘটনা স্থলে আব্যশিকভাবে পুলিশ বিভাগ যেন ঘটনা স্থল পরিদর্শন করেন, সে বিষয়ে পুলিশ বিভাগের দৃষ্টি আর্কষণ করেন। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত নিম্নরূপ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সৃষ্টি হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|---|
| ১ | জমি দখল, মুক্তিপন আদায়, মাদক, জুয়া, মানব পাচার, বিভিন্ন রকম চুরি, চাঁদাবাজি ইত্যাদির মাধ্যমে সৃষ্ট অপরাধ প্রবণতার হার হ্রাসে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অপরাধ দমনে প্রয়োজনে অভিযান বৃদ্ধি করতে হবে। | ১। মেয়র, পীরগঞ্জ পৌরসভা<br>২। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৫। কোম্পানী কমান্ডার, বিওপি (সকল) |
| ২ | বাল্যবিয়ে, যৌতুক ও নারী নির্যাতন বন্ধে সকল পক্ষকে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। বাল্যবিয়ে প্রতিরোধে বাঁধার সম্মুখকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ,<br>২। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |
| ৩ | সীমান্তে ০৩ ফুটের অধিক ফসল না লাগানোর বিষয়ে কৃষি বিভাগ ভূমিকা রাখবেন। প্রয়োজনে কৃষি বিভাগের পক্ষ থেকে এমন কৃষকগণকে প্রণোদনা দিতে হবে যারা ভূট্টা ফসলের পরিবর্তে সরিষা ফসল আবাদ করবে। পাশাপাশি যারা ০৩ ফুটের অধিক উচ্চতার ফসল চাষ করেন, তার যেন কোন ধরণের প্রণোদনা না পান, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। গবাদিপশু যেন সীমান্ত অতিক্রম না করে সেদিকে খেয়াল রাখতে হবে। সীমান্তে চলাচলের জন্য ৪০ দিনের কর্মসূচি থেকে মাটি ভরাটের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>৩। বিট বন কর্মকর্তা, পীরগঞ্জ<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৫। কোম্পানী কমান্ডার, বিওপি (সকল) |
| ৪ | ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা ও সমন্বয় কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে এবং সেখানে বিজিবির উপস্থিতি নিশ্চিত করতে হবে। আবশ্যিকভাবে কার্যবিবরণী সচিবগণের মাধ্যমে নিয়মিত উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে। গ্রাম আদালতকে কার্যকর করতে গুরুত্বারোপ ও বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে। | ইউনিয়ন পরিষদ, চেয়াম্যান (সকল) |
| ৫ | আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন সুষ্ঠু, সুন্দর ও উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ,<br>২। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ<br>৫। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**সভাপতি**
**উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**স্মারক নং-** ০৫.৫৫.৯৪৮২.০০৯.০১.০০১.২৩-৮৫২

**তারিখ ঃ** ২৮ অগ্রহায়ণ ১৪৩০ / ১৩ নভেম্বর ২০২৩

**বিতরণ:** সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৫, ঠাকুরগাঁও- ৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। মেয়র, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। ................................................... পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৮। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। অফিস নথি।

**উপজেলা নির্বাহী অফিসার**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/উআসচ কমিটির সভার কার্যবিবরণী/নভেম্বর ২০২৩